# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

## হাদিস নাম্বারঃ ২৯৯১

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা আল-বাকারা

### بَابٌ: وَمِنْ سُورَةِ البَقَرَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُوسَى، وَرَوْحُ بْنُ عُبَادَةَ، عَنْ حَمَّادِ بْنِ سَلَمَةَ، عَنْ عَلِيِّ بْنِ زَيْدٍ، عَنْ أُمَيَّةَ، أَنَّهَا سَأَلَتْ عَائِشَةَ عَنْ قَوْلِ اللَّهِ تَعَالَى : (إِنْ تُبْدُوا مَا فِي أَنْفُسِكُمْ أَوْ تُخْفُوهُ يُحَاسِبْكُمْ بِهِ اللَّهُ) وَعَنْ قَوْلِهِ : (مَنْ يَعْمَلْ سُوءًا يُجْزَ بِهِ ) فَقَالَتْ مَا سَأَلَنِي عَنْهَا أَحَدٌ مُنْذُ سَأَلْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ " هَذِهِ مُعَاتَبَةُ اللَّهِ الْعَبْدَ فِيمَا يُصِيبُهُ مِنَ الْحُمَّى وَالنَّكْبَةِ حَتَّى الْبِضَاعَةُ يَضَعُهَا فِي كُمِّ قَمِيصِهِ فَيَفْقِدُهَا فَيَفْزَعُ لَهَا حَتَّى إِنَّ الْعَبْدَ لَيَخْرُجُ مِنْ ذُنُوبِهِ كَمَا يَخْرُجُ التِّبْرُ الأَحْمَرُ مِنَ الْكِيرِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مِنْ حَدِيثِ عَائِشَةَ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ حَمَّادِ بْنِ سَلَمَةَ .

বাংলা

২৯৯১. আবদ ইবন হুমায়দ (রহঃ) .... উমায়্যা (রহঃ) থেকে বর্ণিত। তিনি আয়েশা রাদিয়াল্লাহু আনহা-কে আল্লাহ্ তা’আলার এই ইরশাদ সম্পর্কে জিজ্ঞাসা করেছিলেনঃ

إِنْ تُبْدُوا مَا فِي أَنْفُسِكُمْ أَوْ تُخْفُوهُ يُحَاسِبْكُمْ بِهِ اللَّهُ

তোমাদের মনে যা আছে তা প্রকাশ কর বা গোপন কর আল্লাহ্ তোমাদের থেকে এর হিসাব নিবেন (مَنْ يَعْمَلْ سُوءًا يُجْزَ بِهِ) (২ঃ ২৮৪) এবং .............. যে কেউ মন্দ কাজ করলে তার প্রতিফল সে পাবে। (৪ঃ ১২৩)।

আয়িশা রাদিয়াল্লাহু আনহা বললেনঃ এই বিষয়ে রাসুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে প্রশ্ন করার পর আজ পর্যন্ত আর কেউ আমাকে এই প্রশ্ন করে নি। রাসুলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেনঃ আল্লাহ্ তা’আলা জ্বর-জারি, আপদ-বিপদের মাধ্যমে বান্দাকে যে শাস্তি দেন এ হল তা। এমনকি যে সামান্য জিনিস-পত্র সে জামার হাতার মধ্যে রাখে তা হারিয়ে গেলে যে পেরেশানী তার হয় তাও। (তাতেও তার গুনাহ মাফ করে

দেওয়া হয়)। অবশেষে লাল সোনা যেমন হাঁপর থেকে (আগুনে পুড়ে) নির্মল হয়ে বেরিয়ে আসে তেমনি বান্দাও তার গুনাহ্ সমূহ থেকে (নির্মল হয়ে) বেরিয়ে আসে।

যঈফ, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯৯১ [আল মাদানী প্রকাশনী]

আয়িশা রাদিয়াল্লাহু আনহা এর রিওয়ায়ত হিসাবে হাদীসটি হাসান-গারীব। হাম্মাদ ইবন সালামা (রহঃ) এর সূত্র ছাড়া এটি সম্পর্কে আমরা কিছু জানি না।

## English

Narrated Umayyah:
that she asked 'Aishah about the saying of Allah, blessed and Most High: And whether you disclose what is in yourselves or conceal it, Allah will call you to account for it (2:284). And about His saying: And whoever does evil, he will be recompensed for it (4:123). She said: "No one has asked me about it since I asked the Messenger of Allah (ﷺ), he said: 'This is Allah's admonition for His slave regarding whatever he is stricken with, of fever and problems, even the item that he has in the pocket of his shirt which he loses and worries about, until the slave's sins are removed, just as the red ore is removed from the bellows.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38343

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন